

## নতুন করে ২৭১৬ শিক্ষা প্রতিষ্ঠান এমপিও ভুক্ত করা হলো

ঢাকা ৬ জুলাই ২০২২

মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের আওতায় ২ হাজার ৫১টি ও কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের ৬৬৫টিসহ মোট ২ হাজার ৭১৬টি শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করা হয়েছে।

আজ সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে নতুন শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্ত ঘোষণা সংক্রান্ত সংবাদ সম্মেলনে এ কথা জানান শিক্ষামন্ত্রী ডা.দীপু মনি এমপি।

শিক্ষামন্ত্রী বলেন, সারাদেশে বেসরকারি উদ্যোগে প্রতিষ্ঠিত মাধ্যমিক বিদ্যালয়, উচ্চ মাধ্যমিক কলেজ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানগুলো শিক্ষা কার্যক্রম পরিচালনা করছে। এসব প্রতিষ্ঠানের শিক্ষার মান, শিক্ষার্থীদের সংখ্যা, পাবলিক পরীক্ষায় অংশগ্রহণ এবং পাশের হার ইত্যাদি বিবেচনা করে সরকার সময়ে সময়ে প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদি সরকারিভাবে দিয়ে থাকে।

আজকের আদেশের আগ পর্যন্ত সারাদেশে এমপিওভুক্ত প্রতিষ্ঠানের সংখ্যা ২৬ হাজার ৪৪৮টি। সর্বশেষ ২০১৯ সালে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাভুক্ত এক হাজার ৬৫১টি এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাভুক্ত ৯৮৮টি শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করা হয়েছিল।

এবছর নতুন বেসরকারি (স্কুল ও কলেজ) এমপিওভুক্তকরণের উদ্যোগ নেওয়া হয়। ১০ অক্টোবর ২০২১ থেকে ৩১ অক্টোবর পর্যন্ত আবেদন নেওয়া হয়।

শিক্ষামন্ত্রী জানান, যেসব উপজেলায় কোন শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তির জন্য যোগ্যতা অর্জন করতে পারেনি। সেসব উপজেলায় সর্বোচ্চ নম্বর পাওয়া একটি প্রতিষ্ঠানকে বিশেষ বিবেচনায় এমপিওভুক্ত করা হয়েছে।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সচিব মো. আবু বকর ছিদ্দীক, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের সচিব মো. কামাল হোসেন, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরের দায়িত্বে থাকা মহাপরিচালক অধ্যাপক শাহেদুল খবির চৌধুরী।

শিক্ষামন্ত্রী জানান, যোগ্যতা থাকার সাপেক্ষে কোনও শিক্ষা প্রতিষ্ঠান এমপিও'র প্রাথমিক তালিকা থেকে বাদ পরেছে মনে করলে প্রতিষ্ঠান প্রধান ও কমিটির সভাপতির যৌথ স্বাক্ষরে ১৫ দিনের মধ্যে সচিব বরাবর আপিল আবেদন করতে পারবেন। কোন মিথ্য তথ্য ও প্রমাণ দাখিল করে এমপিওভুক্ত হলে পরবর্তীতে তা প্রমাণ হলে দায়ি প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

এম এ খায়ের

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

শিক্ষা মন্ত্রণালয়

মোবাইল ০১৭১৬০৬৬৮৮৮